

# রাকসুর নীতিমালা সংশোধন, লটারিতে নির্ধারিত হবে ব্যালট নম্বর

প্রতিনিধি, রাজশাহী বিশ্ববিদ্যালয়

: রোববার, ১৪ সেপ্টেম্বর ২০২৫



প্রার্থীদের দাবির মুখে রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ —  
রাকসু, হল সংসদ ও সিনেটে ছাত্র প্রতিনিধি নির্বাচনের ব্যালট নম্বর  
নির্ধারণের নীতিমালা সংশোধন করেছে নির্বাচন কমিশন। পরিবর্তিত  
সিদ্ধান্ত অনুযায়ী লটারির মাধ্যমে পদের বিপরীতে ব্যালট নম্বর নির্ধারণ  
করা হবে। কমিশনের এক জরুরী সভায় শনিবার রাতে এ সিদ্ধান্ত নেওয়া  
হয়েছে।

নতুন নীতিমালা অনুযায়ী আজ রোববার বিকেল ৩টায় বিশ্ববিদ্যালয়ের  
সিনেট ভবনে লটারির মাধ্যমে কেন্দ্রীয় সংসদ ও সিনেটে ছাত্র প্রতিনিধি  
নির্বাচনের ব্যালট নম্বর বরাদ্দ দেওয়া হবে।

এর আগে শনিবার কয়েকটি প্যানেলের নেতারা নির্বাচন কমিশনে গিয়ে ব্যালট নম্বর বরাদ্দ পদ্ধতি নিয়ে আপত্তি তোলেন।

নির্বাচন কমিশনের আগের নীতিমালার ৬(৪) ধারা অনুযায়ী, ‘প্রার্থীদের তালিকা প্যানেল আকারে জমা হলে লটারীর মাধ্যমে প্যানেলের ক্রমধারা নির্ধারিত হবে। নির্বাচন কমিশন স্বতন্ত্র প্রার্থীদের নামের তালিকা বাংলা বর্ণমালার আদ্যক্ষর ক্রমানুসারে প্রকাশ করবে।’

তবে সংশোধিত নীতিমালা অনুযায়ী, ‘রাকসু হল সংসদ ও সিনেটে শিক্ষার্থী প্রতিনিধি নির্বাচন ২০২৫-এর প্রার্থীদের প্রত্যেকের ব্যালট নম্বর প্রতিটি পদের বিপরীতে লটারির মাধ্যমে নির্ধারিত হবে।’

নির্বাচন কমিশনের প্রধান রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক সেতাউর রহমান স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে আজ রোববার বিকেলে ৩টায় সিনেট ভবনে সব প্রার্থীকে উপস্থিত হতে বলা হয়েছে। সেখানে প্রতিটি পদের বিপরীতে লটারির মাধ্যমে ব্যালট নম্বর দেওয়া হবে।